

পৌনে ৪ লাখ শিক্ষার্থী ভর্তি হয়নি একাদশ শ্রেণীর ক্লাস শুরু

যুগান্তর রিপোর্ট

দেশের বিভিন্ন কলেজ ও মাদ্রাসায় একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের ক্লাস শুরু হচ্ছে আজ। প্রথমদিন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ঢাকা কলেজে যাচ্ছেন। তিনি সেখানে এক অনুষ্ঠানে উপস্থিত থেকে নবীনদের বরণ করবেন। এছাড়া বিকালে এক অনুষ্ঠানে তিনি নবীন ছাত্রছাত্রীদের হাতে একাদশ শ্রেণীর পাঠ্যবই তুলে দেবেন। এদিকে এবার একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন করেও প্রায় সোয়া ২ লাখ ছাত্রছাত্রী ভর্তি হয়নি। এদের বাইরে আরও প্রায় দেড় লাখ ছাত্রছাত্রী ভর্তির আবেদনই করেনি। এই পৌনে ৪ লাখ ছাত্রছাত্রীকে ভর্তির সুযোগ দিতে আগামী ২০ জুলাই পর্যন্ত সময় দেয়া হয়েছে। এর মধ্যে আবেদনকারী শিক্ষার্থীরা চাইলে আজ থেকে ভর্তি হতে পারবে। এ প্রসঙ্গে জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান শনিবার রাতে যুগান্তরকে বলেন, 'ভর্তি না হওয়া পৌনে ৪ লাখ ছাত্রছাত্রীকে দুই ভাগে ভাগ করা হয়েছে। এদের মধ্যে যে সোয়া ২ লাখ শিক্ষার্থী আবেদন করেও ভর্তি হয়নি তারা আজ থেকে আগামী তিন দিন অর্থাৎ ১২ জুলাই পর্যন্ত ভর্তি হতে পারবে। কলেজগুলোর আসন খালি থাকলে এবং জিপিএ শর্ত পূরণ করলে ভর্তি করে নেবে। পাশাপাশি কলেজকে এই ভর্তি অনলাইনে নিশ্চিত করতে হবে।' তিনি আরও বলেন, 'এই ভর্তির আওতায় মেধা তালিকা, প্রথম ও দ্বিতীয় অপেক্ষমাণ তালিকা এবং কোনো তালিকায় স্থান না পাওয়া কিন্তু আবেদনকারী তারা আসবেন। ১৩ জুলাই থেকে ২০ জুলাই পর্যন্ত দুই ক্যাটাগরির শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাবেন। প্রথম ক্যাটাগরিতে আবেদন করেও কোথাও ভর্তি হতে না পারা শিক্ষার্থীরা আছেন। দ্বিতীয় ক্যাটাগরিতে আছেন, যে দেড় লাখ শিক্ষার্থী ইতিপূর্বে ভর্তির আবেদন করেননি। ১৩ জুলাইয়ের পর ভর্তিকৃতদের অনলাইনে নিশ্চিত করার প্রয়োজন নেই।' ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন যুগান্তরকে বলেন, আজ থেকে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে বিলম্ব ফি প্রযোজ্য হবে। এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় ১৪ লাখ ৫৫ হাজার ৩৬৫ জন শিক্ষার্থী পাস করে। এদের মধ্যে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করে ১৩ লাখ এক হাজার ৯৯ জন। সরকারি তথ্যমতে, সারা দেশে কলেজে-মাদ্রাসায় ২১ লাখ ১৪ হাজার ২৫৬টি আসন আছে।